

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
সমন্বয় ও এমআইএস সেক্টর
www.imed.gov.bd

ইনোভেশন টিমের ৫ম সভার কার্যবিবরণী

সভাপতিঃ জনাব গোপা চৌধুরী, অতিরিক্ত সচিব

সভার স্থানঃ অতিরিক্ত সচিব মহোদয়ের দপ্তর কক্ষ

সভার তারিখঃ ০৪ জানুয়ারি ২০১৬; সময়ঃ সকাল ১১:০০ (এগারটা)

সভার উপস্থিত কর্মকর্তাদের তালিকা সংযোজনী 'ক'তে দেখা যেতে পারে।

০২। উপস্থাপনাঃ

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভায় সভাপতির অনুমতিক্রমে ইনোভেশন টিমের সদস্য সচিব মন্ত্রিপরিষদ বিভাগ হতে প্রাপ্ত নির্দেশনামূলক পত্র, ইনোভেশন সংক্রান্ত কর্মশালা আয়োজন সংক্রান্ত পত্র, আইএমইডি'র মূল্যায়ন সেক্টর হতে প্রাপ্ত নির্ধারিত ছকে প্রস্তুতপূর্বক ইনোভেশন প্রস্তাব ও ৪র্থ সভার সিদ্ধান্ত সমূহ উত্থাপন করেন। উক্ত ৪র্থ সভার বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা ও উল্লেখিত বিষয়ের উপর ভবিষ্য করণীয় নিয়ে আজকের সভা আহবান করা হয়েছে।

০৩। আলোচনা ও সিদ্ধান্তঃ

ক্র নং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকা রী
৩.১	সভায় প্রথমে গত ২১ ডিসেম্বর ২০১৫ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত ৪র্থ সভার সকল সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়। সিদ্ধান্ত মোতাবেক নির্ধারিত ছকে ইনোভেশন প্রস্তাব ইনোভেশন টিম বরাবর দাখিলের জন্য সংশ্লিষ্ট সকলের নিকট তাগিদপত্র প্রেরণ করা হয়েছে বলে সভাকে অবহিত করা হয়। ইতোমধ্যে আইএমইডি'র মূল্যায়ন সেক্টর হতে প্রাপ্ত নির্ধারিত ছকে প্রস্তুতপূর্বক ইনোভেশন প্রস্তাব নিয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয় এবং পরবর্তী সভায় অনলাইনে ইনোভেশন প্রস্তাবটি a2i প্রকল্প'র সার্ভিস ইনোভেশন ফান্ডে আবেদন করার বিষয়ে সকলে একমত প্রকাশ করেন। উক্ত সভায় প্রস্তাব প্রণয়নকারী কর্মকর্তাকে উপস্থিত রাখার বিষয়ে মত দেয়া হয়।	আইএমইডি'র মূল্যায়ন সেক্টর হতে প্রাপ্ত ইনোভেশন প্রস্তাব পরবর্তী সভায় অনলাইনে a2i প্রকল্প'র সার্ভিস ইনোভেশন ফান্ডে আবেদন করা হবে। উক্ত সভায় প্রস্তাব প্রণয়নকারী কর্মকর্তাকে উপস্থিত রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।	ইনোভেশন টিম
৩.২	সভায় মন্ত্রিপরিষদ বিভাগ হতে প্রাপ্ত ইনোভেশন সংক্রান্ত বা “নাগরিক সেবায় উদ্ভাবন” শীর্ষক কর্মশালা আয়োজন সংক্রান্ত পত্রটি সংযুক্তিসহ বিস্তারিত আলোচনা করা হয়। কর্মশালাটি বাস্তবায়নে এসএমইসিআই (১ম সংশোধিত) প্রকল্প বরাবর অনুরোধ করা যেতে মর্মে সভায় একমত প্রকাশ করা হয়।	ইনোভেশন সংক্রান্ত বা “নাগরিক সেবায় উদ্ভাবন” শীর্ষক কর্মশালা আয়োজন করতে হবে এবং এটি বাস্তবায়নে এসএমইসিআই (১ম সংশোধিত) প্রকল্প বরাবর অনুরোধ করতে হবে।	ইনোভেশন টিম
৩.৩	সভায় মন্ত্রিপরিষদ বিভাগ হতে প্রাপ্ত নির্দেশনামূলক পত্রটি নিয়ে সভায় আলোচনা করা হয়। পত্রটিতে ২০১৬ সালের বাৎসরিক কর্মপরিকল্পনা আগামী ৩১ জানুয়ারি ২০১৬ তারিখের মধ্যে প্রণয়ন করে তা ১৫ ফেব্রুয়ারি ২০১৬ তারিখের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করার বিষয়ে সভার সকলে অবহিত হন।	২০১৬ সালের বাৎসরিক কর্মপরিকল্পনা আগামী ৩১ জানুয়ারি ২০১৬ তারিখের মধ্যে প্রণয়ন করে তা ১৫ ফেব্রুয়ারি ২০১৬ তারিখের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে।	সদস্য সচিব, ইনোভেশন টিম।
৩.৪	সভায় মন্ত্রিপরিষদ বিভাগ হতে প্রাপ্ত নির্দেশনামূলক পত্রটির ০৪ (খ) নির্দেশনা মোতাবেক প্রতিমাসে অনুষ্ঠিত ইনোভেশন সভার কার্যবিবরণী পরবর্তী মাসের ৭ তারিখের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের বিষয়ে সার্বিক বিশ্লেষণে সকলে একমত হ'ন।	প্রতিমাসে অনুষ্ঠিত ইনোভেশন সভার কার্যবিবরণী পরবর্তী মাসের ৭ তারিখের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে।	সদস্য সচিব, ইনোভেশন টিম।

০৪। সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

Sd/-

(গোপা চৌধুরী)

অতিরিক্ত সচিব

ও

চীফ ইনোভেশন অফিসার